

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
পূর্বধলা উপজেলা, নেত্রকোনা।

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

বিষয় : উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির নভেম্বর/ ২০২১ ইং মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোনা।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, পূর্বধলা উপজেলা, নেত্রকোনা।
সভার তারিখ : ২১/১১/২০২১ ইং।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রঃ নং	নাম	ঠিকানা	পদবী
০১	জনাব মোছাঃ শারমিন সুলতানা সুমী আকন্দ	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা উপজেলা	সভাপতি
০২	জনাব শেখ রাজু আহম্মেদ রাজাক সরকার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা উপজেলা	সদস্য
০৩	জনাব মোঃ আবুল হাসিম	স্যানিটারি ইন্সপেক্টর, পূর্বধলা, নেত্রকোনা।	সদস্য
০৪	জনাব মোঃ আমিনুল ইসলাম মন্ডল নাটু	চেয়ারম্যান, জারিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	জনাব মোঃ জোবায়ের আল-মাহমুদ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকেই স্বাগত জানান।


অতঃপর সভা পরিচালনা করার জন্য সভাপতি মহোদয় জনাব মোঃ জোবায়ের আল-মাহমুদ, সদস্য সচিব, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে তিনি সভার আলোচনা শুরু করেন।

আলোচনা-ঃ পূর্বধলা উপজেলায় সংশ্লিষ্ট বিভাগের পানি ও স্যানিটেশন বিষয়ক চলমান কার্যক্রম।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, ২০১৩ ইং সালের তথ্য অনুযায়ী পূর্বধলা উপজেলায় স্যানিটেশন কভারেজ প্রায় ৭৫% যা বর্তমানে নেত্রকোনার গড় ৭৯.০০% এবং বাংলাদেশের গড় ৮৭.০০% এরও নিচে। এই হার আরও বাড়াতে পূর্বধলা উপজেলার সকল ইউনিয়নে স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় এ সময় বলেন যে, প্রতি ইউনিয়নে তিনটি রিং ও একটি স্ল্যাবের ল্যাট্রিন, চারদিকে টিনের ঘেরাও দিয়ে প্রতি দুই অথবা তিনটি পরিবারের জন্য সরবরাহ করা হলে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধাপ্রাপ্ত জনগণের সংখ্যা বৃদ্ধি পাবে যা পূর্বধলা উপজেলার সার্বিক স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে। তিনি আরও জানান যে, চলমান অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে গভীর নলকূপের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রকল্পের কাজ ও সেগুলোর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তঃ প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দের নিবিড় তত্ত্বাবধান ও জনপ্রতিনিধিবৃন্দের সার্বিক সহযোগীতা নিশ্চিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সাইট নির্বাচনের ক্ষেত্রে সাবধানতা ও সঠিক উপকারভোগীদের প্রাপ্যতা নিশ্চিত করতে এবং প্রতি ২ মাস অন্তর উক্ত সভা আয়জনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্য কোন আলোচনা না থাকায়, সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোনা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার স্বার্থে সকলের সহযোগীতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



25/11/2022
(মোছঃ শারমিন সুলতানা সুমী আকন্দ)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পূর্বধলা, নেত্রকোনা
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

স্মারক নংঃ ৪৬.০৩.৭২৮৩.০৬২.৯৯.০০৯.২০- ১২২




অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা,, নেত্রকোনা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা পূর্বধলা, উপজেলা, নেত্রকোনা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোনা জেলা, নেত্রকোনা।

তারিখঃ ২১/১১/২০২১ ইং।


22.02.2022
(মোঃ জোবায়ের আল-মাহমুদ)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
পূর্বধলা উপজেলা, নেত্রকোনা।

পূর্বধলা উপজেলার জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির নভেম্বর/২০২১ ইং মাসের সভার হাজিরা

ক্রঃ নং	নাম	ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোছঃ শারমিন সুলতানা সুমী আকন্দ	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা উপজেলা	সভাপতি	
০২	জনাব শেখ রাজু আহম্মেদ রাআফ সরকার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা উপজেলা	সদস্য	
০৩	জনাব মোঃ আবুল হাসিম	স্যানিটারি ইন্সপেক্টর, পূর্বধলা, নেত্রকোনা।	সদস্য	
০৪	জনাব মোছাঃ মাজেদা খাতুন	চেয়ারম্যান, জারিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	
০৫	জনাব মোঃ জোবায়ের আল-মাহমুদ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব	 22.02.2022